এইচএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

যুক্তিবিদ্যা: দ্বিতীয় পত্র — বিষয় কোড: ১ ২ ২

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান: ৭০

(দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।)

১.▶ উদ্দীপক-১ : প্যাকেট হল মোড়কীকরণ প্রক্রিয়া।
উদ্দীপক-২ : রোজা হলো সংযমের মাস।
উদ্দীপক-৩ : লোভী নয় বোকা।

ক. বাহুল্য সংজ্ঞা কাকে বলে? ১
খ. যৌক্তিক সংজ্ঞায় সংজ্ঞেয় পদ ও সংজ্ঞার্থ পদের ভূমিকা কী? ২
গ. উদ্দীপক-১ এ যৌক্তিক সংজ্ঞার কোন অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-২ ও ৩-এ কী যৌক্তিক সংজ্ঞার নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে? কারণ উল্লেখ করে তোমার মতামত দাও। ৪

২.▶ উদ্দীপক-১ :



মোবাইল ফোন

উদ্দীপক-২ :



Teachingbd.com

ক. সংকর বিভাগ কী? ১
খ. বৃহত্তম জাতি এবং ক্ষুদ্রতম উপজাতিকে কীভাবে যৌক্তিকভাবে বিভাজন করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক-১ এর যৌক্তিক বিভাজন প্রক্রিয়া ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-২ এর বিভাজন প্রক্রিয়া 'নির্ভুল ও নিখুঁত'— বিশ্লেষণ কর। ৪

৩.▶ উদ্দীপক-১ : সূর্য দৌড়ে এসে সহপাঠীদের জানালো, প্রায় এক মাস পূর্বে দুর্ঘটনায় মৃত্যুবরণকারী সুজয় কলেজের গেইটে আজ দাঁড়িয়ে আছে।
উদ্দীপক-২ : একটি বাড়িতে ঘটে যাওয়া অগ্নিকাণ্ডের ঘটনায় সমবেত লোকজন বলাবলি করছে রান্নাঘরের চুলা, না হয় বৈদ্যুতিক শর্টসার্কিট, না হয় কোন ইলেকট্রিক যন্ত্রই এর কারণ। এদিকে অগ্নিনির্বাপক দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। অগ্নিনির্বাপক দল অন্যান্য ঘরের তুলনায় রান্নাঘরে পুড়ে যাওয়া জিনিসের আধিক্য দেখে সিদ্ধান্তে পৌঁছে গেলেন। পরবর্তীতে বাড়ির মালিকের সাথে কথা বলে প্রমাণিত হলো গ্যাসের চুলা থেকেই অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়েছে।

ক. অনন্য প্রকল্প কাকে বলে? ১
খ. প্রকল্প আত্মবিরোধী হলে বৈধ হবে না কেন? ২
গ. উদ্দীপক-১ এ বৈধ প্রকল্পের কোন শর্ত ভঙ্গ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-২ এ কী প্রকল্পের সবগুলো স্তরের প্রতিফলন ঘটেছে? বিশ্লেষণ কর। ৪

৪. ▶ উদ্দীপক-১ :



AD = ব্যাস

OA = OD = OC = ব্যাসার্ধ

∴ ব্যাস ব্যাসার্ধের দ্বিগুণ।

উদ্দীপক-২ : আজাহারের বার্ষিক পরীক্ষায় বাংলা বিষয়ে বহুনির্বাচনী অভীক্ষায় ৩০টি প্রশ্নের উত্তর নির্ভুল হয়েছে। তাই পরীক্ষা শেষে সে বলল, তার সবগুলো উত্তরই নির্ভুল হয়েছে।

ক. আরোহাত্মক লম্ফ কাকে বলে? ১

খ. আরোহ কীভাবে অবরোহ থেকে পৃথক? ২

গ. উদ্দীপক-১ এ কোন ধরনের আরোহের নির্দেশনা রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক-২ এ নির্দেশিত অরোহকে কী প্রকৃত আরোহ বলা যায়? তোমার মত দাও। ৪

৫. ▶ উদ্দীপক-১ : আলেয়া ও সালেহা উভয়েরই চেহারায় দীর্ঘপথ ভ্রমণের ক্লান্তি। তারা ভিন্ন ভাষায় কথা বলছে যা বাংলা ভাষা নয়। চট্টগ্রামের রাঙুনিয়ায় গত এক সপ্তাহ পূর্বে তাদের একত্রে দেখা গেছে। সুতরাং তারা উভয়েই রোহিঙ্গা শরণার্থী হতে পারে।

উদ্দীপক-২ : A এবং I উভয়ই ইতিবাচক বাক্য। সুতরাং A বাক্যের প্রতিবর্তন E বাক্য হলে I বাক্যের প্রতিবর্তনও E বাক্যই হবে।

ক. সাদৃশ্য অনুমান কাকে বলে? ১

খ. অসাধু সাদৃশ্য অনুমানজনিত অনুপপত্তি কেন ঘটে? ২

গ. উদ্দীপক-১ এ কোন ধরনের প্রকৃত আরোহকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক-২ এ বর্ণিত অনুমান প্রক্রিয়ার যথার্থতা যাচাই কর। ৪

৬. ▶ উদ্দীপক-১ : শাপলা জলজ উদ্ভিদ। কারণ সব সময় এটি জলেই ভাসমান অবস্থায় দেখা যায়।

উদ্দীপক-২ : মিডিয়াতে যতজন রন্ধনতারকা দেখা গেছে তারা সবাই স্লীম। সুতরাং সব রন্ধনতারকাই স্লীম।

ক. আরোহ কী? ১

খ. আরোহের বস্তুগত ভিত্তি কেন প্রয়োজন? ২

গ. উদ্দীপক-১ এ নির্দেশিত প্রকৃত আরোহের প্রকৃতির বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপক- ২ এ গৃহীত সার্বিক সিদ্ধান্তকে কী তুমি যথার্থ বলে মনে কর? তোমার উত্তরের পক্ষে লিখ। ৪

৭. ▶ উদ্দীপক-১ : শারীরিক পরিশ্রম যত কমছে স্থূলতা তত বৃদ্ধি পাচ্ছে।

উদ্দীপক-২ : কলেজ বন্ধ হলে ছাত্রীদের অনুপস্থিতি এবং কলেজ খোলা থাকলে ছাত্রীদের উপস্থিতি লক্ষ করা যায়।

ক. কারণের সংজ্ঞা দাও। ১

খ. কাকতালীয় অনুপপত্তি কেন ঘটে? ২

গ. উদ্দীপক-১ এ কোন পদ্ধতির (কার্যকারণ সংক্রান্ত) প্রয়োগ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক-২ এ নির্দেশিত যুক্তিটির সিদ্ধান্ত কী যথার্থ বলে মনে কর? কার্যকারণ প্রমাণ পদ্ধতির আলোকে- ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

৮. ▶ পূর্ববর্তী ঘটনা　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　পরবর্তী ঘটনা

১ম দিনের ম্যাচ	সাকিব, মুশফিক, মেহেদি	ম্যাচ জয়
২য় দিনের ম্যাচ	সাকিব, মেহেদি, তামিম	" "
৩য় দিনের ম্যাচ	সাকিব, তামিম, মুশফিক	" "

ক. পরীক্ষণাত্মক পদ্ধতি কাকে বলে? ১

খ. কারণ ও কার্যের সম্পর্ক কেমন? ২

গ. উদ্দীপকের দৃষ্টান্তটি কার্যকারণ সংক্রান্ত কোন প্রমাণপদ্ধতির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. নির্দেশিত পদ্ধতির প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

৯. ▶ উদ্দীপক-১ : পঞ্চম শ্রেণির পাঠ্যবই-এ প্রাপ্ত তথ্যে বাংলাদেশকে ভূমিকম্পের তীব্রতার দিক থেকে তিনভাগে ভাগ করা হয়েছে— অধিক ভূমিকম্পপ্রবণ এলাকা, মধ্যম ভূমিকম্পপ্রবণ এলাকা ও কম ভূমিকম্পপ্রবণ এলাকা।

উদ্দীপক-২ : প্রতিবছর মাসব্যাপী ঢাকায় অনুষ্ঠিত আন্তর্জাতিক বাণিজ্যমেলা প্রাঙ্গণকে ভোক্তাদের সুবিধার্থে কয়েকটি অংশে বিভক্ত করা হয়। এদের মধ্যে ইলেক্ট্রনিক পণ্য, প্লাস্টিক পণ্য, ফার্নিচার, প্যাকেটজাত ভোগ্য পণ্য, বিদেশি পণ্য অন্যতম। এ মেলার অন্যতম প্রধান উদ্দেশ্য হলো, দেশের পাশাপাশি বিদেশেও দেশীয় পণ্যের চাহিদা সৃষ্টি করা।

ক. শ্রেণিকরণ কাকে বলে? ১

খ. শ্রেণিকরণের প্রাথমিক ভিত্তি প্রতীক- উদাহরণসহ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক-১ এ কোন শ্রেণিকরণ নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক-২ এ নির্দেশিত শ্রেণিকরণ ব্যক্তিগত উদ্দেশ্যেই বেশি পূরণ করে— এ উক্তির যথার্থতা যাচাই কর। ৪

১০. ▶ উদ্দীপক-১ : যদি প্রতি ২৪ জন লোকের মধ্যে ৬ জন ডায়াবেটিস রোগে আক্রান্ত হয় এবং প্রতি ৩০ জন লোকের মধ্যে ৫ জন উচ্চরক্তচাপে আক্রান্ত হয় তবে ডায়াবেটিস ও উচ্চরক্তচাপ উভয় রোগে একত্রে আক্রান্ত রোগীর সম্ভাবনা কত?

উদ্দীপক-২ : মীর কাশেম স্নাতক (সম্মান) শ্রেণির মেধাবী ছাত্র। ২০১৭ সালের ১৫ই অক্টোবর বিকেল ৪টায় ফোনে তাকে জানানো হয় হার্ভার্ড বিশ্ববিদ্যালয় উচ্চ শিক্ষা গ্রহণের জন্য তাকে নির্বাচিত (সিলেক্ট) করেছে। হঠাৎ এ খবর শুনে সে বিস্মিত হলো।

ক. সম্ভাব্যতা কাকে বলে? ১

খ. সম্ভাব্যতা কীভাবে আকস্মিকতা থেকে পৃথক? ২

গ. উদ্দীপক-১ এ নির্দেশিত বিষয়টিকে নিয়মের আলোকে পরিমাপ কর। ৩

ঘ. উদ্দীপক-২ কার্যকারণ নিয়ম সম্পর্কে আমাদের অজ্ঞতার কারণেই সৃষ্টি হয়— এ উক্তির আলোকে যথার্থতা যাচাই কর। ৪

১১. ▶ উদ্দীপক-১

১ম ধাপ ——————— ২য় ধাপ ——————— ৩য় ধাপ

কাক-চিল-শকুন　ময়লা আবর্জনা ভক্ষণপরিবেশের ভারসাম্য রক্ষা

উদ্দীপক-২ : মানসিক ও শারীরিক সুস্থতা, সুষ্ঠু ও আনন্দদায়ক শিক্ষার পরিবেশ, প্রতিযোগিতামূলক মনোভাব, বিষয়বস্তু সম্পর্কে গভীর জ্ঞান, অভিজ্ঞ শিক্ষকের তত্ত্বাবধান, সময় সচেতনতা, সঠিক মূল্যায়ন পদ্ধতি ইত্যাদি বিষয়ের ওপর একজন শিক্ষার্থীর ভালো ফলাফল নির্ভর করে।

ক. ব্যাখ্যাকরণ কী? ১

খ. কোন ব্যাখ্যাকরণ বাহ্যিক সাদৃশ্যের ওপর ভিত্তি করে সিদ্ধান্ত গ্রহণ করে? উদাহরণসহ লিখ। ২

গ. উদ্দীপক-১ এ বৈজ্ঞানিক ব্যাখ্যার কোন ধাপ প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক-২ কী লৌকিক, না বৈজ্ঞানিক ব্যাখ্যাকরণ প্রক্রিয়া? তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

http://teachingbd.com

সময় — ৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. নিচের কোনটির যৌক্তিক বিভাগ করা সম্ভব?
ক আনন্দ   খ নাফিসা
গ মানবতা   ঘ সবজি

২. 'আজান হলো সুমধুর ধ্বনি'— এটি কেমন সংজ্ঞা?
ক বাহুল্য   খ রূপক
গ চক্রক   ঘ দুর্বোধ্য

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:
"ফাঙ্গাস হলো অন্য উদ্ভিদ বা পচনশীল বস্তুর ওপর গজানো পত্রপুষ্প যা সবুজ রঞ্জক পদার্থ বিহীন উদ্ভিদ" এবং 'চিকেন ফ্রাই' হলো ফুটন্ত তেলে ভর্জিত (ভাজা) মুরগি।

৩. উদ্দীপকের 'কিচেন ফ্রাই' এর সংজ্ঞাটি হলো—
ক যথার্থ যৌক্তিক সংজ্ঞা   খ বাহুল্য সংজ্ঞা
গ রূপক সংজ্ঞা   ঘ চক্রক সংজ্ঞা

৪. 'চিকেন ফ্রাই' ও 'ফাঙ্গাস' উভয়ের ক্ষেত্রে —
i. অনুপপত্তি ঘটেছে
ii. পূর্ণজাত্যর্থ নির্দেশিত হয়নি
iii. সংজ্ঞেয় ও সংজ্ঞার্থ পদের অসমান ব্যক্ত্যর্থ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

৫. অবৈধ সামান্যীকিরণ কোন আরোহের ত্রুটি?
ক সাদৃশ্য   খ পূর্ণাঙ্গ
গ বৈজ্ঞানিক   ঘ অবৈজ্ঞানিক

৬. নিচের কোনটি বাস্তবসম্মত ও বৈজ্ঞানিক পদ্ধতি?
ক দ্বিকোটিক বিভাগ   খ গুণগত বিভাগ
গ অজ্ঞাত বিভাগ   ঘ যৌক্তিক বিভাগ

৭. অপ্রকৃত আরোহ কতো প্রকার?
ক ২   খ ৩
গ ৪   ঘ ৫

৮. আরোহের ক্ষেত্রে যা সত্য —
i. সিদ্ধান্ত সার্বিক বাক্য হতে হবে
ii. ঘটনা পর্যবেক্ষণ থাকতে হবে
iii. আরোহের ঝক্কি থাকতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:
একটি কলেজের একাদশ শ্রেণিতে মানবিক বিভাগের ছাত্রীদের পঠিত বিষয় হিসেবে বাংলা, ইংরেজি, আইসিটি, যুক্তিবিদ্যা, অর্থনীতি, পৌরনীতি, সমাজবিজ্ঞান ও জীববিজ্ঞানকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

৯. উদ্দীপকে কোন ধরনের বিভাগ অনুপপত্তি ঘটেছে?
ক অতিব্যাপক   খ অব্যাপক
গ অজ্ঞাগত   ঘ সংকর

১০. এ ধরনের অনুপপত্তির কারণ হলো —
ক একাধিক মূলনীতি গ্রহণ
খ জাতির তুলনায় উপজাতিসমূহের ব্যক্ত্যর্থ বেশি
গ জাতির তুলনায় উপজাতি সমূহের ব্যক্ত্যর্থ কম
ঘ ব্যক্তিবাচক পদের বিভাজন

১১. কোনটি সরল গণনামূলক আরোহ?
ক পূর্ণাঙ্গ   খ অবৈজ্ঞানিক
গ বৈজ্ঞানিক   ঘ ঘটনা সংযোজন

১২. 'বিষয়বস্তু সম্পর্কে যথাযথ জ্ঞান থাকাই নাবিলার পরীক্ষায় ফেল করার কারণ'— উদ্দীপকে প্রকল্পের কোন শর্তটি ভঙ্গ করা হয়েছে?
ক স্ববিরোধী   খ অযৌক্তিক
গ অস্পষ্ট   ঘ অপ্রাসঙ্গিক

১৩. কোন ধরনের প্রকল্প ঘটনা ব্যাখ্যার জন্য পর্যাপ্ত নয়?
ক কাজ চালানো প্রকল্প   খ প্রতিবেদক অনুকল্প
গ আরোহ সমন্বয়   ঘ বাস্তব কারণ

১৪. প্রকল্পের তৃতীয় স্তর কোনটি?
ক অনুমান
খ সিদ্ধান্ত গ্রহণ
গ নিরীক্ষণ
ঘ সমর্থন

১৫. 'সংকট উত্তরক দৃষ্টান্ত' —
i. পরীক্ষণের মাধ্যমে পাওয়া যায়
ii. নিরীক্ষণের মাধ্যমে পাওয়া যায়
iii. প্রকল্পের সত্যতাকে প্রমাণ করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

১৬. সহপরিবর্তন শব্দটির অর্থ হলো —
ক ধীর ধীরে পরিবর্তন
খ সমমুখী পরিবর্তন
গ বিপরীতমুখী পরিবর্তন
ঘ পারস্পরিক পরিবর্তন

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:
সাজিদ অ্যাজমা রোগে আক্রান্ত। সে লক্ষ করল যখনই ইনহেলার গ্রহণ করে তখনই রোগমুক্তি ঘটে। আবার ইনহেলার গ্রহণ না করলে সে রোগক্রান্ত হয়ে পড়ে। তাই সে সিদ্ধান্ত নিল ইনহেলারই রোগমুক্তির কারণ।

১৭. উদ্দীপকে সাজিদের বক্তব্যে প্রতিফলিত হয়েছে—
ক যৌথ পদ্ধতি   খ অন্বয়ী পদ্ধতি
গ ব্যতিরেকী পদ্ধতি   ঘ পরিশেষ পদ্ধতি

১৮. প্রতিফলিত পদ্ধীতটির আকরগত রূপ হল —
ক কারণ — কার্য   কারণ — কার্য
ক খ গ — অ আ ই এবং   খ গ ঘ — আ ই ঈ
ক ঘ ঙ — অ ঈ উ   ঘ ঙ চ — ই ঈ উ
ক চ ছ — অ এ ঐ   চ ছ গ — উ এ ঐ

http://teachingbd.com

ⓑ কারণ — কার্য
অ আ ই — ক খ গ
অ ই ঈ — ক গ ঘ
অ ঈ উ — ক ঘ ঙ
ⓒ কারণ — কার্য
ক খ গ — অ আ ই
খ গ — আ ই
ⓓ কারণ কার্য — কার্য
ক খ গ — চ ছ জ
খ গ — ছ জ
ক — চ

১৯. 'গোলাপ জল দেওয়ায় বিরিয়ানির গন্ধ চারিদিকে ছড়িয়ে পড়ল'— এখানে কোন ধরনের অনুপপত্তি ঘটেছে?
ক) কার্যকারণ সংক্রান্ত কাকতালীয়
খ) দৃষ্টান্তের অ-নিরীক্ষণ
গ) শর্তকে কারণ বলা
ঘ) সহকার্যকে কারণ বলা

২০. কাঠবাদাম ও চিনাবাদাম উভয়ই উদ্ভিজ্জ তেলের উৎস এবং হৃদবান্ধব। সুতরাং উভয় ধরনের বাদামই পুষ্টিকর খাদ্য। উদ্দীপকে কোন অনুমান প্রক্রিয়ায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে?
ক) পূর্ণাঙ্গ আরোহ
খ) অবৈজ্ঞানিক আরোহ
গ) বৈজ্ঞানিক আরোহ
ঘ) সাদৃশ্য অনুমান

২১. আরোহের বস্তুগত ভিত্তি হলো —
i. প্রকৃতির নীতি
ii. পরীক্ষণ
iii. নিরীক্ষণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২২. বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহের ক্ষেত্রে পার্থক্য রয়েছে —
i. সিদ্ধান্তের সত্যতা প্রতিষ্ঠায়
ii. দৃষ্টান্ত নিরীক্ষণের ক্ষেত্রে
iii. সিদ্ধান্তের সার্বিকীকরণের ক্ষেত্রে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৩. কারণ — মধ্যবর্তী স্তর — কার্য — কাঁচা কলা — কার্বাইড প্রয়োগ — পাকা কলা উদ্দীপকে 'কাঁচাকলা' থেকে 'পাকাকলা' প্রাপ্তির বিষয়টি কোন বৈজ্ঞানিক ব্যাখ্যাকরণের নির্দেশনা প্রদান করে?
ক) বিশ্লেষণ খ) শৃঙ্খলাযোজন
গ) অন্তর্ভুক্তি ঘ) সংযুক্তিকরণ

২৪. বৈজ্ঞানিক ব্যাখ্যার সাথে বিরোধপূর্ণ কোনটি?
ক) অনুমান
খ) সংযুক্তিকরণ
গ) যাচাইযোগ্যতা
ঘ) ব্যক্তিগত দৃষ্টিভঙ্গি

২৫. মূল্যের মাত্রানুযায়ী হীরা-সোনা-রূপাকে বিন্যস্ত করলে কোন ধরনের শ্রেণিকরণ হবে?
ক) প্রাকৃতিক খ) বৈজ্ঞানিক
গ) ক্রমিক ঘ) প্রতীক

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:
আড়তে যোগদানকারী নতুন কর্মচারি মালিককে বলল, মেঘের গর্জনে ডিম দ্রুত নষ্ট হয়ে যায়।

২৬. উদ্দীপকে কর্মচারীর বক্তব্যে কোন বিষয়টির প্রতিফলন ঘটেছে?
ক) লৌকিক ব্যাখ্যা খ) বৈজ্ঞানিক ব্যাখ্যা
গ) প্রাকৃতিক ব্যাখ্যা ঘ) প্রচলিত ব্যাখ্যা

২৭. এ ধরনের ব্যাখ্যার বৈশিষ্ট্য হলো —
i. ব্যবহারিক উদ্দেশ্যপূরণ
ii. প্রচলিত বিশ্বাস
iii. বাহ্যিক সাদৃশ্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:
বাংলাদেশে প্রজনন সময়কে চিহ্নিত করে প্রতিবছরই সরকার একটি নির্দিষ্ট সময়ে ইলিশ মাছ ধরার উপর নিষেধাজ্ঞা জারি করে। এতে প্রতিবছর প্রায় ১০% ইলিশ বৃদ্ধি পাচ্ছে।

২৮. উদ্দীপকে মাছ বৃদ্ধির সম্ভাব্যতার মাত্রা কতো?
ক) $\frac{০}{১০}$ খ) $\frac{১}{১০}$
গ) $\frac{৯}{১০}$ ঘ) $\frac{১০}{১০}$

২৯. যে নিয়মের ভিত্তিতে সম্ভাব্যতা পমিরাপ করা হয়েছে তা হলো —
ক) $\frac{\text{অনুকূল বিকল্প}}{\text{মোট বিকল্প}}$ খ) $\frac{\text{মোট বিকল্প}}{\text{অনুকূল বিকল্প}}$
গ) $\frac{১০০}{\text{অনুকূল বিকল্প}}$ ঘ) $\frac{\text{মোট বিকল্প}}{১০০}$

৩০. আকস্মিকতা সৃষ্টি হয় —
i. কারণ নির্ণয়ে অপারগ হলে
ii. ঘটনাসমূহের বাস্তব-সংযোগ কম হলে
iii. জ্ঞানের সীমাবদ্ধতা থাকলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

উত্তর

১	ঘ	২	খ	৩	গ	৪	ঘ	৫	ঘ	৬	ঘ	৭	খ	৮	ঘ	৯	খ	১০	খ	১১	খ	১২	ক	১৩	ক	১৪	খ	১৫	ঘ
১৬	গ	১৭	খ	১৮	-	১৯	গ	২০	ঘ	২১	গ	২২	ঘ	২৩	খ	২৪	ক	২৫	গ	২৬	ক	২৭	খ	২৮	খ	২৯	ক	৩০	ঘ

http://teachingbd.com